FACTSHEET

দাবীত্যাগঃএই তথ্যপত্রটি কেবল শিক্ষামূলক উদ্দেশ্যে তৈরি করা হয়েছে। ইংরেজি থেকে সঠিক অনুবাদ করার জন্য সর্বাত্মক চেষ্টা চালানো হলেও ভাষার অনুবাদ একটি খুবই জটিল কাজ, আর তাই পৃথক পৃথক অনুবাদে ভুল থাকতেই পারে। আপনার সন্তানের জন্য এই তথ্যটি উপযোগী কিনা তা যাচাই এর জন্য অনুগ্রহ করে আপনার ডাক্তার কিংবা অন্যান্য পেশাদার স্বাস্থ্যকর্মীদের সাথে পরামর্শ করুন।

CPAP/বাই-লেভেল পরিচর্যা এবং সরঞ্জাম রক্ষনাবেক্ষন

CPAP/Bi-level care and maintenance of equipment

CPAP/বাই-লেভেল মাস্ক
CPAP/Bi-level Mask

কুশন এবং ফ্রেইম

আপনার বাচ্চার মাস্ক পরিস্কার করা এবং এর রক্ষনাবেক্ষন আপনারই দায়িত্ব। আপনার বাচ্চার CPAP মাস্ক সাধারণত ১২-২৪ মাস টিকবে, তবে যদি সঠিকভাবে এর রক্ষনাবেক্ষন করা হয় তাহলে হয়তো এটি কয়েকবছর চলবে। মাস্ক বদলানো আপনার দায়িত্ব। আপনার স্লিপ টিম আপনাকে এটি যেসব দোকানে কিনতে পাওয়া যায় সেগুলোর বিস্তারিত জানাতে পারবে।

হাতে ধোয়ার নির্দেশাবলী অনুসরণ করে কিংবা একটি পরিস্কার ভেজা কাপড় (কিংবা বেবি ওয়াইপ) দিয়ে মুছে প্রতিদিন মাস্কের কুশন এবং ফ্রেমটি পরিস্কার করতে হবে। হাতে কিংবা ডিশওয়াশারে ধোয়ার নির্দেশাবলী অনুসরণ করে মাস্কের সব অংশ সপ্তাহে অন্তত একবার পরিস্কার করতে হবে।

হাতে ধোয়ার নির্দেশাবলীঃ

1. মাস্কের ফ্রেম থেকে কুশনটি আলাদা করুন (কীভাবে এটি করতে হবে তা আপনাকে দেখানো হবে)।
2. বাসনকোসন মাজার হালকা ডিটারজেন্ট দিয়ে গরম পানিতে কুশন এবং ফ্রেমটি হাতে ধুয়ে রাখুন।

অনুগ্রহ করে মনে রাখবেনঃ এমন কোনো কিছু ব্যবহার করবেন না যা মাস্কটির ক্ষতি করতে পারে যেমন ব্লিচ, অ্যালকোহল, ক্লোরিন নির্ভর দ্রবণ, কন্ডিশনার, ময়েশ্চারাইজার এবং গৃহস্থালির শক্তিশালী পরিষ্কারক পদার্থ।

3. সরাসরি সূর্যের আলো থেকে দূরে বাতাসে মাস্কের প্রতিটি অংশ শুকান এবং সেগুলোকে লাগানোর আগে কোথাও ভেঙ্গে গেছে কিনা তা দেখে নিন।

অনুগ্রহ করে মনে রাখবেন: যদি মাস্কের কোনো অংশ ভেঙ্গে যায় তাহলে মাস্কটি বদলাতে হবে। মাস্ক বদলানোর দায়িত্ব শিশুর পরিবারের।

ডিশওয়াশারের নির্দেশাবলীঃ

অনুগ্রহ করে মনে রাখবেন: সব মাস্কই ডিশওয়াশারে ধোয়া নিরাপদ নয়। ডিশওয়াশারে ধোয়ার আগে অনুগ্রহ করে ব্যবহারকারীর ম্যানুয়েলটি পড়ে নিন।

1. ফ্রেম থেকে কুশনটি আলাদা করুন (এটি কীভাবে করতে হবে তা আপনাকে দেখানো হবে)
2. (হেড গিয়ার ছাড়া) মাস্কের সবগুলো অংশ ডিশওয়াশারের উপরের তাকে রাখুন। কুশনের সমতল পৃষ্ঠ অবশ্যই নিচে রাখতে হবে যাতে করে নরম অংশটির কোনো ক্ষতি না হয়।
3. মাস্কের সবগুলো অংশকে বাতাসে শুকোতে দিন এবং সেগুলোকে আবার লাগানোর আগে কোথাও ভেঙ্গে গেছে কিনা দেখে নিন।

অনুগ্রহ করে মনে রাখবেন: যদি মাস্কের কোনো অংশ ভেঙ্গে যায় তাহলে মাস্কটি বদলাতে হবে। মাস্ক বদলানোর দায়িত্ব শিশুর পরিবারের।

the children's hospital at Westmead
The Sydney children's Hospitals Network

© The Children's Hospital at Westmead, Sydney Children's Hospital, Randwick and Kaleidoscope Children, Young People and Families.

হেডগিয়ার
Headgear

1. ফ্রেম থেকে হেডগিয়ারটি খুলে নিন।
2. উষ্ণ সাবান জলে হেডগিয়ারটি হাতে ধুয়ে নিন।
3. **এরপর পরিস্কার পানিতে ভালোভাবে ধুয়ে নিন। অনুগ্রহ করে মনে রাখবেন: ব্লিচ ব্যবহার করবেন না।**
4. হেডগিয়ারটিকে সরাসরি সূর্যের আলো থেকে দূরে শুকোতে দিন।
5. শুকানোর পর হেডগিয়ারটিকে আবার ফ্রেমে লাগিয়ে দিন এবং ব্যবহারের আগে অ্যাডজাস্ট করে নিন।

অনুগ্রহ করে মনে রাখবেনঃ এমন কোনো কিছু ব্যবহার করবেন না যা হেডগিয়ারটির ক্ষতি পারে যেমন ব্লিচ, অ্যালকোহল, ক্লোরিন নির্ভর দ্রবণ, কন্ডিশনার, ময়েশ্চারাইজার এবং গৃহস্থালির শক্তিশালী পরিষ্কারক পদার্থ।

টিউবিং
Tubing

টিউবটি সপ্তাহে একবার পরিস্কার করতে হবে।

1. সার্কিট পার্টগুলোকে আলাদা করে নিন (কীভাবে করতে হবে তা আপনাকে দেখানো হবে)।
2. টিউবিং এবং টিউবিং কানেক্টরগুলোকে উষ্ণ সাবান জলে হাত দিয়ে ধুয়ে ভালো করে পানি দিয়ে পরিস্কার করে নিন।
3. টিউবিংটিকে ঝুলিয়ে সরাসরি সূর্যের আলো থেকে দূরে শুকোতে দিন।
4. টিউবিং যখন শুকাবে তখন আবার লাগানোর আগে কোথাও ছিদ্র কিংবা ফেটে গেছে কিনা দেখে নিন।

অনুগ্রহ করে মনে রাখবেনঃ টিউবিং যদি ক্ষতিগ্রস্ত হয় তাহলে তা বদলাতে হবে। টিউবিং বদলানোর দায়িত্ব শিশুর পরিবারের।

5. ব্যাকটেরিয়া ফিল্টারটি (যদি ব্যবহৃত হয়) পরীক্ষা করুন কারণ যদি এটি কালো রঙ ধারণ করে তাহলে প্রত্যেক ৭-১০ দিন অন্তর বা আরো শীঘ্র বদলাতে হবে। যদি ব্যবহৃত হয় তাহলে ফিল্টার কেনার দায়িত্ব পরিবারের।

CPAP/বাই-লেভেল মেশিন
CPAP/Bi-level machine

CPAP কিংবা বাই-লেভেল মেশিনকে একটি পরিস্কার ভেজা কাপড় দিয়ে মুছতে পারেন। মেশিনটিতে ফিল্টার রয়েছে যেগুলো বাতাসের পুষ্পরেণু এবং ধূলিকণাকে ছেঁকে ফেলে। ইনলাইন ফিল্টারগুলোকে নিয়মিত পরীক্ষা এবং পরিস্কার করতে হবে। আপনার সাপ্তাহিক রক্ষণাবেক্ষণের অংশ হিসেবে মাস্ক এবং টিউবিং পরিস্কার করার সময় এটি করলে সবচেয়ে ভাল হয়।

বার বার ব্যবহারযোগ্য মেশিন ফিল্টার (মেশিনের পেছনের দিকে) ধোয়ার নির্দেশাবলী

1. যদি ফোম ফিল্টারটি ময়লা হয়ে যায়, তাহলে প্রবাহমান পানির নীচে রেখে ফিল্টারটিকে চিপে পরিস্কার করে নিন।
2. উষ্ণ সাবান জলে ফিল্টারটিকে ধুয়ে সূর্যের আলো থেকে দূরে বাতাসে শুকোতে দিন। ফিল্টারটি পুরোপুরি শুকানোর পর CPAP/বাই-লেভেল মেশিন আবার লাগিয়ে দিন।

অনুগ্রহ করে মনে রাখবেন: এই ফিল্টারগুলো প্রতি ৬ মাস অন্তর বদলাতে হবে। যে দোকান থেকে আপনি যন্ত্রগুলো ভাড়া নিয়েছিলেন অনুগ্রহ করে তাদের সাথে যোগাযোগ করুন।

ব্যাকটেরিয়াল ফিল্টার

ভাড়ায় নেওয়া সবগুলো মেশিনে আপনাকে একটি ব্যাকটেরিয়াল ফিল্টার ব্যবহার করতে হবে। এই ফিল্টারগুলো মেশিন ও টিউবিং এর মাঝখানে যুক্ত থাকে। এই ফিল্টারগুলোকে প্রতি ৭-১০ দিন অন্তর বদলাতে হবে। প্রাথমিকভাবে আপনার মেশিনের সাথে কতগুলো ফিল্টার সরবরাহ করা হবে। ফিল্টারগুলো বদলানোর দায়িত্ব আপনার এবং এগুলো কোথা থেকে কিনতে হবে তা আপনার পেশাদার স্বাস্থ্যকর্মী আপনাকে বলে দেবেন।

যোগাযোগ করুন
Contacts

- বৈজ্ঞানিক কর্মকর্তা (02) 9845 1851
- ক্লিনিক্যাল নার্স স্পেশালিষ্ট (02) 9845 0230
- ক্লিনিক্যাল নার্স কনসালটেন্ট (02) 9845 2572
- অ্যাপলায়েন্স সেন্টার (02) 9845 2563
- বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট (02) 9845 2602

মনে রাখবেনঃ
Remember:

- ঠিকভাবে যত্ন নেওয়া হলে একটি মাস্ক বেশ কয়েক বছর ব্যবহার করা যাবে।
- প্রতিদিন – মাস্কটি পরিস্কার কিংবা মুছে রাখতে হবে।
- প্রতি সপ্তাহে – মাস্ক এবং টিউবিং পরিস্কার করতে হবে।
- প্রতি ৬ মাস অন্তর – বার বার ব্যবহারযোগ্য ফিল্টারগুলো বদলাতে হবে।

© The Children's Hospital at Westmead, Sydney Children's Hospital, Randwick and Kaleidoscope Children, Young People and Families.